

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া।
 পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভা।
 অধিবেশন নং
 তারিখ:- ১৪/০৬/২০২২ খ্রিঃ।
 স্থানঃ- ভাইস চেয়ারম্যান অফিস কক্ষ।
 সময়ঃ- সকাল-১০.৩০ ঘটিকা।

জনাব মোঃ লোকমান হোসেন, ভাইস চেয়ারম্যান, ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা পরিষদ এর সভাপতিত্বে পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভা।	ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	ক) সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতি ভাবে গৃহীত এবং অনুমোদিত হয়।	
	খ) সমবায় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।	খ) সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (ভাঃপ্রাঃ) জানান যে, সদর উপজেলাভুক্ত নিবন্ধনকৃত অনেক সমিতির আকার্যকর রয়েছে। এসব অকার্যকর সমবায় সমিতি কার্যকর করে সমিতি সমূহে পুর্জিগঠন ও ঋণ বিতরণ করে সমবায় সমিতির কার্যক্রম গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	খ) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার।
	গ) অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্পের খেলাপী ঋণ আদায় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।	গ) সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (ভাঃপ্রাঃ) জানান যে, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্পের মাধ্যমে অনেক বীর মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের পোষাগন ঋণ গ্রহণ করে দীর্ঘ দিন ঋণ পরিশোধ করছে না। আমাদের নিকট ঋণ বিতরণের জন্য তহবিল থাকা সত্ত্বেও ঋণ বিতরণ করা সম্ভব হচ্ছে না। এই ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। মুক্তিযোদ্ধাদের ঋণ আদায়ে ঋণ গ্রহীতাদের নোটিশ দিয়ে খেলাপী ঋণ আদায়ে কার্যকর ভূমিকা নেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	ঘ) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ লোকমান হোসেন
 ভাইস চেয়ারম্যান

ও
 সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি
 সদর উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া।

সদয় অবগতির জন্যঃ-

- ১। জনাব মোঃ লোকমান হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। জনাব মোঃ শফিকুর রহমান, পৈরতলা, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া- সদস্য।
- ৩। জনাব মোঃ রফিকুল ইসলাম, কান্দিপাড়া, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া- সদস্য।
- ৪। চেয়ারম্যান, সাদেকপুর ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া, সদস্য।
- ৫। চেয়ারম্যান, বুধল ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া, সদস্য।
- ৬। উপজেলা সমবায় কর্মকর্তা, সদর ব্রাহ্মণবাড়িয়া, সদস্য।
- ৭। অফিস কপি।



উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (ভাঃপ্রাঃ)

ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি
 সদর উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া।